**AKASHVANI (AIR)**

**RNU : KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date 04-09-2025** **Time: 7.35 A.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) জীবন বীমা ও ব্যক্তিগত স্বাস্থ্যবীমার ক্ষেত্রে জিএসটি সম্পূর্ণ ছাড় দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় সরকার।

৩৩টি জীবনদায়ী ওষুধের ওপর জিএসটি মকুব করা হয়েছে।

কৃষি সরঞ্জামের ক্ষেত্রেও কমছে পণ্য ও পরিষেবা কর।

২) বিজেপি, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের জারি করা অভিবাসন ও বিদেশী নাগরিকদের ছাড়পত্র সংক্রান্ত নির্দেশিকাকে স্বাগত জানিয়েছে।

৩) বিধানসভার স্বল্পকালীন অধিবেশনে তৃতীয় তথা শেষ দিনে আজ ভিন রাজ্যে বাংলা ভাষীদের ওপর অত্যাচারের অভিযোগে সরকারের আনা প্রস্তাব নিয়ে ফের আলোচনা হবে।

৪) চাকরিতে পুনর্বহালের দাবিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে চিঠি দিয়েছেন চাকরীহারা শিক্ষক শিক্ষিকাদের একাংশ।

৫) নিম্নচাপের প্রভাবে আজও দক্ষিণবঙ্গের একাধিক জেলায় বৃষ্টির হলুদ সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

---

জীবন বীমা ও ব্যক্তিগত স্বাস্থ্যবীমার ক্ষেত্রে জিএসটি ছাড় দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় সরকার। নতুন দিল্লিতে গতকাল জিএসটি কাউন্সিলের ৫৬তম বৈঠকের পর এক সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন জানান ৩৩টি জীবনদায়ী ওষুধের ওপর জিএসটি মকুব করা হয়েছে। একই সঙ্গে ক্যান্সার এবং বিরল রোগের চিকিৎসায় ব্যবহৃত ৩টি জীবনদায়ী ওষুধের জিএসটি ৫ শতাংশ থেকে সম্পূর্ণ ছাড় দেওয়া হয়েছে। এছাড়াও অন্যান্য সব ধরনের ওষুধের ওপর জিএসটি ১২ শতাংশ থেকে হ্রাস পেয়ে ৫ শতাংশ হয়েছে।

বাইট মেডিসিন

নতুন পণ্য ও পরিষেবা কর হারে কৃষক এবং কৃষি ক্ষেত্র উপকৃত হবে বলে সীতারামন জানান। তিনি বলেন, ট্রাক্টর, চাষের কাজে ব্যবহৃত যন্ত্র, জৈব কীটনাশকের ক্ষেত্রে জিএসটি ১২ শতাংশ থেকে কমে হচ্ছে ৫ শতাংশ।

একইসঙ্গে নিত্য প্রয়োজনীয় একাধিক পণ্যের ওপর জিএসটি ১৮ বা ১২ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশ করা হয়েছে। তেল, সাবান, শ্যাম্পু, টুথ পেস্ট, টুথ ব্রাশ, সাইকেল, গৃহস্থালির বিভিন্ন জিনিসপত্রের ওপর এখন মাত্র ৫ শতাংশ জিএসটি দিতে হবে। উচ্চ তাপমাত্রায় সংরক্ষিত দুধ, ছানা, পনির, পাউরুটির ওপর কোনো জিএসটি থাকছেনা। নোনতা জাতীয় খাবার, গুজিয়া, সস, পাস্তা, ইনস্ট্যান্ট নুডলস, চকলেট, কফি, কনফ্লেক্স, মাখন, ঘি ইত্যাদি ক্ষেত্রে জিএসটি ১২ ও ১৮ শতাংশ থেকে ৫ শতাংশে নামিয়ে আনা হয়েছে। এসি, ৩২ ইঞ্চি থেকে বড় টেলিভিশন, ছোট গাড়ি, মোটরসাইকেলের ক্ষেত্রে পণ্য ও পরিষেবা কর ২৮ থেকে ১৮ শতাংশ করা হয়েছে। শিক্ষা সংক্রান্ত বিভিন্ন সংরঞ্জামের ক্ষেত্রেও জিএসটি ছাড়ের কথা ঘোষণা করেছেন অর্থমন্ত্রী।

পান মশলা, গুটখা, তামাকজাত পণ্য, সিগারেট, ইত্যাদি ক্ষেত্রে জিএসটি কমছেনা।

বৈঠকে জিএসটি কাউন্সিল ৫ ও ১৮ শতাংশ এই দুটি হারে পণ্য ও পরিষেবা কর কার্যকর করার সিদ্ধান্ত নিয়েছে।

বাইট স্ল্যাব

উল্লেখ্য, চলতি মাসের ২২ তারিখ নবরাত্রির প্রথম দিন থেকে জিএসটির নতুন এই হার কার্যকর হবে। বৈঠকে শ্রীমতি সীতারমান বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী প্রজন্মের জিএসটি সংস্কারের যে ধারণা স্বাধীনতা দিবসের ভাষণে দিয়েছিলেন, সেদিকে লক্ষ্য রেখেই সাধারণ মানুষ, কৃষক, মধ্যবিত্ত শ্রেণীর মানুষের সুবিধার্থে জিএসটি-র নতুন এই হার ধার্য হয়েছে।

----------------------

বিজেপি, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের জারি করা অভিবাসন ও বিদেশী নাগরিকদের ছাড়পত্র সংক্রান্ত নির্দেশিকাকে স্বাগত জানিয়েছে। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে বলেন, দেশভাগের সময়ে যারা নিপীড়নের শিকার হয়েছিলেন, তাদের প্রতি দায়বদ্ধতারই প্রতিফলন এই পদক্ষেপ।

(বাইট-শমীক)

উল্লেখ্য, গত মঙ্গলবার রাতে স্বরাষ্ট্র মন্ত্রকের তরফে বিজ্ঞপ্তি জারি করে জানানো হয়েছে, আফগানিস্তান, বাংলাদেশ ও পাকিস্তানের সংখ্যালঘু হিন্দু, শিখ, বৌদ্ধ, জৈন, পার্সি অথবা খ্রীষ্টান যারা ধর্মীয় নিপীড়ন অথবা ধর্মীয় নির্যাতনের আশঙ্কায় ২০২৪ সালের ৩১ শে ডিসেম্বর বা তার আগে বৈধ পাসপোর্ট বা বৈধ নথি ছাড়াই ভারতে আশ্রয় নিতে বাধ্য হয়েছিলেন, অথবা যাদের নথিপত্রের মেয়াদ উত্তীর্ণ হয়ে গেছে তাদেরক বৈধ

পাসপোর্ট বা ভিসা রাখার নিয়ম থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। একইসঙ্গে নেপাল ও ভুটানের যে সমস্ত নাগরিক স্থল বা আকশপথে ভারতে আসবেন, তাদের আগের মতই পাসপোর্ট অথবা ভিসা দেখাতে হবে না বলে উল্লেখ রয়েছে নতুন নির্দেশিকায়।

----------------------

বিজেপি দেশের অগ্রগতিতে এক দেশ এক নির্বাচনের দাবি জানিয়েছে। কলকাতায় গতকাল এক দেশ এক নির্বাচন নিয়ে এক আলোচনা সভায় দলের কেন্দ্রীয় নেতা সুনীল বনশল জানিয়েছেন, দেশে একসঙ্গে নির্বাচন হওয়া কোন নতুন ঘটনা নয়। ১৯৫২ সালে দেশে প্রথম নির্বাচন হয় এবং ১৯৬৭ সাল পর্যন্ত লোকসভা ও বিধানসভা নির্বাচন একসঙ্গেই হয়েছে। প্রতিবছর নির্বাচনের ফলে ভোটের কাজে নিযুক্ত সরকারি কর্মচারীদের কাজের ক্ষতি হয়, ৯০দিন নির্বাচনী বিধি কার্যকর থাকার ফলে বিভিন্ন জনকল্যাণমূলক প্রকল্পের কাজ থমকে যায় এবং আর্থিক খরচও অনেক বেশি হয়। একইসঙ্গে নির্বাচন হলে প্রায় তিন থেকে চার লক্ষ কোটি টাকা খরচ কমে যাবে বলে তিনি জানান।

----------------------

বিজেপি উত্তরবঙ্গে একটি ন্যাশনাল ট্রাইবাল ইউনিভার্সিটি ও সৈনিক স্কুল নির্মাণের দাবি জানিয়েছে। দিল্লিতে গতকাল উত্তরবঙ্গের সাংসদ ও বিধায়করা কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের সঙ্গে সাক্ষাৎ করে এবিষয়ে আর্জি জানান। বিষয়টি নিয়ে উপযুক্ত পদক্ষেপ গ্রহণের জন্য মন্ত্রকের পক্ষ থেকে সমীক্ষা চালানোর নির্দেশ দেওয়া হয়েছে। প্রতিনিধি দলে ছিলেন সাংসদ মনোজ টিজ্ঞা,বিধায়ক শঙ্কর ঘোষ প্রমূখ।

----------------------

বিধানসভার স্বল্পকালীন অধিবেশনের তৃতীয় তথা শেষ দিনে আজ ভিনরাজ্যে বাঙলাভাষীদের উপর অত্যাচারের অভিযোগে সরকারের আনা প্রস্তাবের উপর ফের আলোচনা হবে। দুঘণ্টার ওই আলোচনায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ও বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর যোগ দেওয়ার কথা থাকলেও শৃঙ্খলাভঙ্গের অভিযোগে ইতমধ্যেই বিরোধী দলনেতাকে চলতি অধিবেশনের জন্য সাসপেন্ড করেছেন অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়। সেক্ষেত্রে বিরোধীরা আদৌ এই আলোচনায় অংশ নেবেন কিনা তা নিয়ে সংশয় তৈরি হয়েছে।

এদিকে, বাংলার পরিযায়ী শ্রমিকদের সুরক্ষায় রাজ্য সরকার কোনো উদ্যোগ গ্রহণ করছে না বলে অভিযোগ করেছেন কংগ্রেস নেতা অধীর চৌধুরী।

-----------------------

এসএসসির নতুন নিয়োগ পরীক্ষা না দিয়ে চাকরিতে পুনর্বহালের দাবিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে চিঠি দিয়েছেন, চাকরিহারা যোগ্য শিক্ষক-শিক্ষিকাদের একাংশ। ওই সংগঠনের তরফে চাকরিহারা শিক্ষক সুমন বিশ্বাস মুখ্যমন্ত্রীকে পাঠানো ই-মেলে, আসন্ন নিয়োগ পরীক্ষা সাময়িকভাবে স্থগিত করে সকল যোগ্যদের নির্ভুল তালিকা প্রকাশ করার দাবি জানিয়েছেন। তাঁর বক্তব্য, চাকরিহারা যোগ্য শিক্ষকদের সঙ্গে আলোচনা করেই নিয়োগ পরীক্ষার দিন নির্ধারণ করুক রাজ্য সরকার।

এর পাশাপাশি বিধানসভার বিশেষ অধিবেশনে এই বিষয়ে আলোচনা ও সর্বদল বৈঠকের দাবিও জানিয়েছেন তিনি। একই দাবিতে বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়কেও চিঠি পাঠিয়েছেন ওই শিক্ষক।

মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করার দাবিতে আজ তাঁরা বিধানসভাতেও যাবেন বলে জানিয়েছেন সুমন বিশ্বাস।

এদিকে স্কুল সার্ভিস কমিশন ১৮০৬ জন অযোগ্য চিহ্নিত শিক্ষকদের প্রকাশ করেছে তা অসম্পূর্ণ বলে ফের দাবি করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। হুগলির খানাকুলে গতকাল দলের পরিবর্তন সংকল্প সভায় যোগ দিয়ে তিনি বলেন, ১৯৫৮ জন অযোগ্য শিক্ষকের নামের তালিকা তিনি প্রকাশ করবেন।

(বাইট - শুভেন্দু)

----------------------

ব্রাজিলের বেলেম শহরে আগামী নভেম্বরে হতে চলেছে জলবায়ু সংক্রান্ত শীর্ষ বৈঠক COP 30। সেখানে ভারত, বিশেষ করে এরাজ্যে জলবায়ু পরিবর্তনের প্রভাব এবং উদ্ভূত সমস্যা সম্পর্কে সঠিক তথ্য পৌঁছে দিতে গতকাল কলকাতায় এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। কলকাতা প্রেসক্লাব, এনভায়রনমেন্ট গভর্নড ইন্টিগ্রেটেড অর্গানাইজেশন ও ক্লাইমেট একশন নেটওয়ার্ক সাউথ এশিয়ার যৌথ উদ্যোগে আয়োজিত এই সভায় অংশ নেন কলকাতায় নিযুক্ত ব্রাজিলের অনারারি কনসাল জেনারেল প্রদীপ খেমকা, COP 30 র সি ই ও Ana Toni, বিধায়ক ও কলকাতা পুরসভার মেয়র পারিষদ দেবাশীষ কুমার সহ পরিবেশ বিশেষজ্ঞরা। আলোচনায় হিমালয় সংলগ্ন এলাকা ও উপকূলীয় অংশে জলবায়ু পরিবর্তনের প্রাকৃতিক এবং অর্থনৈতিক প্রভাব বিষয়ে আলোকপাত করেন তাঁরা।

অনুষ্ঠান শেষে উদ্যোক্তাদের পক্ষে সঞ্চালক, পরিবেশবিদ ডক্টর জয়ন্ত বসু আকাশবাণীকে বলেন, ব্রাজিল যেহেতু উন্নয়নশীল দেশ তাই এই সম্মেলনে ভারতের বক্তব্য দৃঢ়তার সঙ্গে তুলে ধরা সম্ভবপর হবে।

----------------------

পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের শিয়ালদা - বনগাঁ - রানাঘাট এবং শিয়ালদা - কৃষ্ণনগর রুটে AC EMU লোকাল আগামীকাল থেকে চালু হচ্ছে। রবিবার বাদে সপ্তাহে ৬ দিন এই পরিষেবা পাওয়া যাবে। শিয়ালদা থেকে বনগাঁ ভাড়া মাথা পিছু ১২০ টাকা, এবং শিয়ালদা থেকে রানাঘাট ভায়া বনগাঁ ভাড়া মাথা পিছু দেড়শো টাকা পড়বে।

অন্যদিকে, শিয়ালদা থেকে কৃষ্ণনগরের ভাড়া মাথা পিছু ১৪০ টাকা ধার্য করা হয়েছে বলে রেল সূত্রের খবর।

এদিকে, এসি লোকাল ট্রেন চলাচলের খবরে উচ্ছ্বসিত নিত্যযাত্রীরা। কৃষ্ণনগরের বাসিন্দা অঞ্জন ভট্টাচার্য্য জানালেন এর ফলে একদিকে যেমন সময় বাঁচবে অন্যদিকে যাত্রাও হবে আরামদায়ক।

----------------------

উত্তর-পশ্চিম বঙ্গোপোসাগরের ওপর তৈরি নিম্নচাপ অঞ্চলটি সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হয়েছে। এর ফলে আজও দুই ২৪ পরগনা, পশ্চিম বর্ধমান, ঝাড়গ্রাম, বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম জেলায় বৃষ্টির হলুদ সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজও মৎস্যজীবীদের সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

---------------------- ----------------------